

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, আগস্ট ১০, ২০১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ অধিশাখা

প্রজ্ঞাপন

তারিখ : ২৬ শ্রাবণ, ১৪২৩ বঙ্গাব্দ/১০ আগস্ট, ২০১৬ খ্রিস্টাব্দ

এস,আর,ও নং ২৬০-আইন/২০১৬।—জেলা পরিষদ আইন, ২০০০ (২০০০ সনের ১৯ নং আইন) এর ধারা ৭৩ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:—

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।—(১) এই বিধিমালা জেলা পরিষদ (ওয়ার্ডের সীমা নির্ধারণ) বিধিমালা, ২০১৬ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। সংজ্ঞা।—(১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) “আইন” অর্থ জেলা পরিষদ আইন, ২০০০ (২০০০ সনের ১৯ নং আইন);

(খ) “নির্বাচকমণ্ডলী” অর্থ আইনের ধারা ১৭ এর উপ-ধারা (১) এর অধীন গঠিত নির্বাচকমণ্ডলী; এবং

(গ) “সীমা নির্ধারণ কর্মকর্তা” অর্থ সংশ্লিষ্ট জেলার ডেপুটি কমিশনার।

(২) এই বিধিমালায় ব্যবহৃত যে সকল শব্দ বা অভিব্যক্তির সংজ্ঞা প্রদান করা হয় নাই, সেই সকল শব্দ বা অভিব্যক্তি আইনে যে অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থে প্রযোজ্য হইবে।

৩। ওয়ার্ডের সীমা নির্ধারণের ক্ষেত্রে অনুসরণীয় বিধান।—সীমা নির্ধারণ কর্মকর্তা ইউনিয়ন পরিষদের অখণ্ডতা বজায় এবং প্রতি ওয়ার্ডের নির্বাচকমণ্ডলীর সংখ্যা, যতদূর সম্ভব, সমরূপ রাখিয়া ওয়ার্ডের সীমা নির্ধারণ করিবেন:

(১৩৮৭৫)

মূল্য : টাকা ৪.০০

তবে শর্ত থাকে যে, মহিলা সদস্য নির্বাচনের লক্ষ্যে পরস্পর সন্নিহিত ওয়ার্ডসমূহ একত্রে রাখিবার বিষয়টি বিবেচনা করিতে হইবে।

৪। ওয়ার্ডের প্রাথমিক তালিকা প্রকাশ।—(১) সীমা নির্ধারণ কর্মকর্তা আইনের ধারা ১৫ এর অধীন তাহার নিয়োগের তারিখ হইতে ১৫ (পনের) দিনের মধ্যে ওয়ার্ডের সীমা নির্ধারণকল্পে আইনের ধারা ১৬ এর উপ-ধারা (২) এর বিধান অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণক্রমে কোন্ এলাকা কোন্ ওয়ার্ডের অন্তর্ভুক্ত হইবে উহা উল্লেখ করিয়া একটি প্রাথমিক তালিকা প্রস্তুতপূর্বক সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করিবেন।

(২) সীমা নির্ধারণ কর্মকর্তা উপ-বিধি (১) এর অধীন প্রস্তুতকৃত ওয়ার্ডের প্রাথমিক তালিকা ২(দুই) টি বহুল প্রচারিত দৈনিক পত্রিকা, সংশ্লিষ্ট জেলা পরিষদের ওয়েবসাইট ও নোটিশ বোর্ডে প্রকাশ করিয়া স্থানীয়ভাবে বহুল প্রচারের ব্যবস্থা করিবেন।

(৩) উপ-বিধি (১) এর অধীন প্রকাশিত ওয়ার্ডের প্রাথমিক তালিকা সম্পর্কে কাহারো কোন আপত্তি বা পরামর্শ থাকিলে উহা এই বিধির অধীন প্রাথমিক তালিকা প্রকাশের ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে সীমা নির্ধারণ কর্মকর্তার বরাবরে দাখিল করিতে হইবে।

(৪) আইনের ধারা ১৫ এর উপ-ধারা (১) এর উদ্দেশ্য পূরণকল্পে, সংশ্লিষ্ট জেলার ডেপুটি কমিশনার কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত উপ-পরিচালক, স্থানীয় সরকার অথবা এডিশনাল ডেপুটি কমিশনার, সহকারী সীমা নির্ধারণ কর্মকর্তা হইবেন।

৫। ওয়ার্ডের প্রাথমিক তালিকা সম্পর্কে প্রাপ্ত আপত্তি নিষ্পত্তি।—সীমা নির্ধারণ কর্মকর্তা বিধি ৪ এর উপ-বিধি (৩) এর অধীন ওয়ার্ডের প্রাথমিক তালিকা সম্পর্কে প্রাপ্ত আপত্তি বা পরামর্শ প্রাপ্তির অনধিক ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে উক্ত আপত্তি বা পরামর্শ পরীক্ষা নিরীক্ষাক্রমে এবং প্রয়োজনে তদন্ত পরিচালনার মাধ্যমে নিষ্পত্তি করিবেন, এবং উক্তরূপ তদন্ত পরিচালনার ক্ষেত্রে উক্ত সীমা নির্ধারণ কর্মকর্তা তদনির্ধারিত পদ্ধতিতে শুনানির ব্যবস্থা করিতে পারিবেন।

৬। ওয়ার্ডের চূড়ান্ত তালিকা প্রকাশ।—(১) বিধি ৪ এর উপ-বিধি (১) এর অধীন প্রাথমিক তালিকা প্রকাশের পর উহার উপর উক্ত বিধির উপ-বিধি (৩) এ উল্লিখিত সময়সীমার মধ্যে কোন আপত্তি বা পরামর্শ পাওয়া না গেলে সীমা নির্ধারণ কর্মকর্তা অবিলম্বে উহার আলোকে চূড়ান্ত তালিকা প্রকাশ করিবেন এবং উহা ২(দুই) টি বহুল প্রচারিত দৈনিক পত্রিকা এবং সংশ্লিষ্ট জেলা পরিষদের ওয়েবসাইট ও নোটিশ বোর্ডে প্রকাশ করিয়া স্থানীয়ভাবে বহুল প্রচারের ব্যবস্থা করিবেন।

(২) বিধি ৪ এর উপ-বিধি (৩) এর অধীন প্রাপ্ত আপত্তি বা পরামর্শের আলোকে সীমা নির্ধারণ কর্মকর্তা বিধি ৫সহ আইনের ধারা ১৬ এর উপ-ধারা (৪) এর অধীন প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের পর প্রত্যেক ওয়ার্ডের অন্তর্ভুক্ত এলাকাসমূহ উল্লেখপূর্বক ওয়ার্ডের চূড়ান্ত তালিকা ২(দুই) টি বহুল প্রচারিত দৈনিক পত্রিকা এবং সংশ্লিষ্ট জেলা পরিষদের ওয়েবসাইট ও নোটিশ বোর্ডে প্রকাশ করিবেন।

(৩) সীমা নির্ধারণ কর্মকর্তা আইনের ধারা ১৪ এর উপ-ধারা (২) এর উদ্দেশ্য পূরণকল্পে, মহিলা সদস্য নির্বাচনের লক্ষ্যে, অনধিক ৩(তিন) টি ওয়ার্ডের সমন্বয়ে একটি ওয়ার্ডের সীমা নির্ধারণপূর্বক, উপ-বিধি (২) এর বিধান অনুসরণক্রমে ওয়ার্ডসমূহের সংরক্ষিত আসনের তালিকা চূড়ান্তরূপে প্রকাশ করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আবদুল মালেক

সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd